# জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ৯৯ তম সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি ও সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি। |
| সভার তারিখ ও সময় | : | ২৩ সেপ্টেম্বর ২০২০, সকাল ১১.০০ টা। |
| সভার স্থান | : | ০১ (এক) নং সম্মেলন কক্ষ, বিএআরসি, ফার্মগেট। |
| জুম সভা | : | মোট ৪৩ জন। |

সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ শুরু করার জন্য পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি, গাজীপুরকে অনুরোধ জানান। জনাব আবদুর রাজ্জাক, পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি, গাজীপুর ও সদস্য সচিব, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

**আলোচ্য বিষয়-১: জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ৯৮তম ভার্চুয়াল সভার কার্যবিবরণী অনুমোদন।**

জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি এর ৯৮তম ভার্চুয়াল সভা ০৮ জুলাই, ২০২০ রোজ বুধবার ১১.০০ ঘটিকায় ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি ও সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি এর সভাপতিত্বে বিএআরসি'র ০১ নং সম্মেলন কক্ষে Zoom Cloud Meeting Platform এ (অনলাইন সভা) অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী বীজ প্রত্যয়ন এজেন্সির ১৪ জুলাই, ২০২০খ্রি: তারিখের ১২.৮০৬.০২২.০১.০০.০১৮.২০-৮৬৩ সংখ্যক স্মারক মুলে কমিটির সকল সদস্যের নিকট বিতরণ করা হয়। এ বিষয়ে অদ্যাবধি কোন লিখিত মতামত পাওয়া যায়নি এবং অদ্যকার সভায় কোন আপত্তি উত্থাপিত না হওয়ায় কার্যবিবরণীটি পরিসমর্থনের সিদ্ধান্ত গৃহিত হয়।

**সিদ্ধান্ত: জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ৯৮তম সভার ভার্চুয়াল কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে পরিসমর্থন করা হল।**

**আলোচ্য বিষয় -২: ২০১৯-২০২০ বোরো মৌসুমের হাইব্রিড ধানের ফলাফল পর্যালোচনা পূর্বক সিদ্ধান্ত গ্রহণ।**

২০১৯-২০২০ বোরো মৌসুমের ২৮ টি বীজ কোম্পানি/প্রতিষ্ঠান হাইব্রিড নিবন্ধনের জন্য ৪৯ টি হাইব্রিড জাতের বীজ জমা প্রদান করেছে। যা নিম্নবর্ণিত ছকে প্রদর্শণ করা হল।

**১ম বর্ষ-মোট ২৩ টি**

| Sl.No | Variety Name | Seed Institute/Company | Source Country | Remarks |
|---|---|---|---|---|
| ১. | (HCI-1901) | Corbel International ltd | China | 1st Year |
| ২. | (HCI-1902) | Corbel International ltd | China | 1st Year |
| ৩. | Giant hybrid dhan-2 (sultan) | Giant Agro Processing ltd. | China | 1st Year |
| ৪. | Giant hybrid dhan-3 (Ratna) | Giant Agro Processing ltd. | China | 1st Year |
| ৫. | Babylon Hybrid dhan-4 (KPHE-13) | Babylon Agro and Dairy Ltd. | India | 1st Year |
| ৬. | Babylon Hybrid dhan-5 (R3051) | Babylon Agro and Dairy Ltd. | China | 1st Year |
| ৭. | Ispahani-11 (BP606) | Ispahani Agro ltd. | China | 1st Year |
| ৮. | Ispahani-12 (1703) | Ispahani Agro ltd. | China | 1st Year |
| ৯. | RAJDHAN-1 | Mitali Enterprise. | India | 1st Year |
| ১০. | RAJDHAN-2 | Mitali Enterprise | India | 1st Year |
| ১১. | Naafco Hybrid dhan-3 (Qyou-2) | Naafco (Pvt.) ltd | China | 1st Year |
| ১২. | Naafco Hybrid dhan-5 (Qyou-5) | Naafco (Pvt.) ltd | China | 1st Year |
| ১৩. | ACI hybrid dhan19 (OFG WS18/17-1) | ACI ltd | India | 1st Year |
| ১৪. | Aftab hybrid dhan 3 (RC01) | Aftab Bahumukhi Farm ltd. | India | 1st Year |
| ১৫. | Aftab hybrid dhan 4 (RC05) | Aftab Bahumukhi Farm ltd. | India | 1st Year |
| ১৬. | Surovi hybrid dhan-2 (SHD-1392) | Surovi Agro Industries ltd. | Bangladesh | 1st Year |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | BRAC hybrid dhan19 (BHR-100) | BRAC | Bangladesh | 1st Year |
| ১৮. | MRP-5401 | Mahyco Bangladesh ltd. | India | 1st Year |
| ১৯. | Supreme Hybrid dhan-28 (Hira, Tj004) | Supreme Seed Co. ltd. | China | 1st Year |
| ২০. | Nilsagor Hybrid dhan 2 (NS 101) | Nilsagor Seeds & Tissue Culture Ltd | China | 1st Year |
| ২১. | Winall Hybrid dhan-10 (Win-902) | Winall Hi Tech Seed Co.bd. ltd. | China | 1st Year |
| ২২. | Winall Hybrid dhan-11(Win-903) | Winall Hi Tech Seed Co.bd. ltd. | China | 1st Year |
| ২৩. | Mitali Hybrid dhan-6 (Suborno-TJ005) dhan-6 (Shuborno-TJ005) | Mitali Agro Seed Industries. ltd. | China | 1st Year |

২য় বর্ষ ২২টি

| Sl.No | Variety Name | Seed Institute/Company | Source Country | Remarks |
|---|---|---|---|---|
| ১. | Projapoti (KPHB02) | Bagrow company ltd | India | 2nd Year |
| ২. | Laksmi-7 (HQ002) | Bagrow company ltd | China | 2nd Year |
| ৩. | SAVA-23 | 3s Agro services ltd | India | 2nd Year |
| ৪. | SAVA-81 | 3s Agro services ltd | India | 2nd Year |
| ৫. | NSSL-7 (ARBH-18066) | North South Seed Ltd | India | 2nd Year |
| ৬. | NSSL-8 (ARBH-18074) | North South Seed Ltd | India | 2nd Year |
| ৭. | Partex Hybrid dhan-07 (7KRH-09) | Partex Agro ltd. | India | 2nd Year |
| ৮. | Partex Hybrid dhan-08 (ARBH | Partex Agro ltd. | India | 2nd Year |
| ৯. | ARBH 18030 | Petrochem Agro Industries ltd | India | 2nd Year |
| ১০. | Pioneer 27P37 | Petrochem Agro Industries ltd | India | 2nd Year |
| ১১. | LTHR-2 | Lalteer Seed ltd. | Bangladesh | 2nd Year |
| ১২. | LTHR-3 (Tia super-1802) | Lalteer Seed ltd. | China | 2nd Year |
| ১৩. | Mollika-1 (FL-210) | Mollika Seed Company ltd. | China | 2nd Year |
| ১৪. | CPC Hybrid dhan-1 (RXEL44) | CPC SEEDS | India | 2nd Year |
| ১৫. | XpLore Hybrid dhan-3 | XpLore Business ltd | India | 2nd Year |
| ১৬. | ACI hybrid 17 (BH81) | ACI Formulation ltd | Bangladesh | 2nd Year |
| ১৭. | Supreme hybrid 27 (Hira27, RRX-336) | Supreme Seed Co. ltd. | India | 2nd Year |
| ১৮. | Bango Raj (Jinyou923) | National Agri Care Import & Export ltd. | China | 2nd Year |
| ১৯. | RXEL-45 | Mahyco Bangladesh ltd. | India | 2nd Year |
| ২০. | Mitali Hybrid dhan-4 (Shuborno-4, SHD-1390) | Mitali Agro Industries | Bangladesh | 2nd Year |
| ২১. | ACI Agrolink hybrid dhan-1 (ARBH-18060) | ACI Agrolink ltd. | India | 2nd Year |
| ২২. | BRAC hybrid dhan 17 (BHR049) | BRAC | Bangladesh | 2nd Year |

৩য় বর্ষ-মোট ৪টি

| Sl.No. | Variety Name | Seed Institute/Company | Source Country | Remarks |
|---|---|---|---|---|
| ১. | RXML-38 | Mahyco Bangladesh Ltd. | India | 3rd Year |
| ২. | Janak Raj-3 (Q-19) | National Agri Care Import & Export ltd. | China | 3rd Year |
| ৩. | Supreme hybrid heera-23 (HS-381) | Supreme Seed Co. ltd. | China | 3rd Year |
| ৪. | Arize® INH 17144 (বায়ার হাইব্রিড ধান-৭) | Bayer crops science ltd | India | 3rd Year |

উক্ত ২৮টি কোম্পানির হাইব্রিড জাতের সাথে ১টি চেক জাতসহ ৬টি অঞ্চলের ১২টি স্থানে ট্রায়াল বাস্তবায়নের জন্য গোপনীয় কোড প্রদান করে প্রেরণ করা হয়। বিভিন্ন অঞ্চলের মাঠ মূল্যায়ন দলের সদস্য সচিব ও আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার ট্রায়াল বাস্তবায়নের কোড ভিত্তিক ফলাফল তৈরীপূর্বক পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি বরাবরে প্রেরণ করেন। জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ৯৯তম সভায় উল্লিখিত হাইব্রিড জাতসমূহের কোড উন্মুক্ত করা হয় এবং উক্ত মাঠ মূল্যায়ন কোড ভিত্তিক ফলাফল Computerized mean Performance এর ভিত্তিতে Compilation পূর্বক পর্যালোচনার জন্য সভায় উপস্থাপন করা হয়। দ্বিতীয় ও তৃতীয় বর্ষে ট্রায়ালকৃত ২৬টি জাতের ফলাফল পর্যালোচনায় দেখা যায়, ২য় বর্ষের ২২টি জাতের মধ্যে ৬টি জাত ৩টির অধিক স্থানে অনস্টেশন ও অনফার্মে চেক জাত ব্রি হাইব্রিড ধান৫ হতে ৫% হেটারোসিস বেশী হওয়ায় সারাদেশে এবং ১১টি জাত ৩টি স্থানে চেক জাত ব্রি হাইব্রিড ধান৫ হতে ৫% হেটারোসিস বেশী হওয়ায় অঞ্চলভিত্তিক চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা হয়েছে। ৩য় বর্ষের ৪টি জাতের মধ্যে ২টি জাত ৩টি স্থানে অনস্টেশন ও অনফার্মে চেক জাত ব্রি হাইব্রিড ধান৫ হতে ৫% হেটারোসিস বেশী হওয়ায় অঞ্চলভিত্তিক চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা হয়েছে।

**সিদ্ধান্ত : ২০১৮-১৯ ও ২০১৯-২০২০ বোরো মৌসুমে ট্রায়ালকৃত ১৭ (সতের) টি হাইব্রিড জাতের ১ম ও ২য় বর্ষের ফলাফলের ভিত্তিতে চেকজাত (ব্রি হাইব্রিড ধান৫) এর চেয়ে ৫% ফলন বেশি হওয়ায় বোরো মৌসুমের চাষাবাদের জন্য এবং ২০১৭-১৮, ২০১৮-১৯ ও ২০১৯-২০ বোরো মৌসুমে ট্রায়ালকৃত ০২ (দুই) টি হাইব্রিড জাতের ১ম, ২য় ও ৩য় বর্ষের ফলাফলের ভিত্তিতে চেকজাত (ব্রি হাইব্রিড ধান৫) এর চেয়ে ৫% ফলন বেশি হওয়ায় বোরো মৌসুমের চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ডে সাময়িকভাবে নিবন্ধনের জন্য সুপারিশ করা হল।**

১.১ Petrochem Agro Industries ltd. প্রস্তাবিত ভারতের UPL Ltd., Telangana, India হতে সংগৃহীত ARBH 18030 জাতটি "পেট্রোকেম হাইব্রিড ধান৬ (ARBH 18030)" হিসেবে ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও রংপুর এই ৪টি অঞ্চলে Heterosis ৫% এর বেশি হওয়ায় সারাদেশে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৪ (চার) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেক জাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ৫.০৮, ১৩.৩২, ১৩.১১, ২৪.০৩ ও ৯.০১, ১৪.১৭, ৭.৮২, ১৪.৯৫ ভাগ বেশি পাওয়া গিয়াছে।

১.২ Petrochem Agro Industries ltd. প্রস্তাবিত ভারতের PHI Seed Private Ltd. India হতে সংগৃহীত Pioneer 27P37 জাতটি "পেট্রোকেম হাইব্রিড ধান৫ (Pioneer 27P37)" হিসেবে ঢাকা, চট্টগ্রাম, খুলনা, রংপুর ও বরিশাল এই ৫টি অঞ্চলে Heterosis ৫% এর বেশি হওয়ায় সারাদেশে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৫ (পাচঁ) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেক জাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ৫.৪২, ১০.৪১, ১১.৭১, ২৬.৩২, ১০.৬৩ ও ৯.৫২, ১০.৬০, ১১.৪৩, ২৪.০০, ৭.৪১ ভাগ বেশি পাওয়া গিয়াছে।

১.৩ 3s Agro services ltd. প্রস্তাবিত ভারতের SAVANNAH SEEDS PRIVATE LTD, হতে সংগৃহীত SAVA-23 জাতটি "থ্রি এস হাইব্রিড ধান১ (SAVA-23)" হিসেবে চট্টগ্রাম, খুলনা ও রংপুর এই ৩টি অঞ্চলে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ৩(তিন) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেক জাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ৩০.৯৮, ২৩.১০, ১৯.৬১ ও ৩২.৫১, ১৫.৮০, ১৪.৩৩ ভাগ বেশি পাওয়া গিয়াছে।

১.৪ 3s Agro services ltd. প্রস্তাবিত ভারতের SAVANNAH SEEDS PRIVATE Ltd., হতে সংগৃহীত SAVA-81 জাতটি "থ্রিএস হাইব্রিড ধান২ (SAVA-81)" হিসেবে চট্টগ্রাম, খুলনা ও রংপুর এই ৩টি অঞ্চলে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৩(তিন) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেক জাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ৩০.৮৬, ২৩.৯৪, ২০.৯৫ ও ৩৩.২৬, ১৪.৮৩, ১৬.২৯ ভাগ বেশি পাওয়া গিয়াছে।

১.৫ National Agri Care Import & Export ltd. প্রস্তাবিত চীনের YUNNAN JINRUI SEED INDUSTRY CO.LTD. হতে সংগৃহীত Bango Raj (Jin you-923) জাতটি "ন্যাশনাল এগ্রিকেয়ার হাইব্রিড ধান৫ (Bango Raj)" হিসেবে চট্টগ্রাম, খুলনা ও রংপুর এই ৩টি অঞ্চলে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৩ (তিন) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেক জাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ২৭.৫৪, ২০.২১, ৮.৭২ ও ২৯.৫১, ১৫.১৩, ১০.১৫ ভাগ বেশি পাওয়া গিয়াছে।

১.৬ Mahyco Bangladesh Private ltd. প্রস্তাবিত ভারতের Maharastra Hybrid Seeds Company Ltd. হতে সংগৃহীত RXEL 45 জাতটি "মাহিকো হাইব্রিড ধান৪ (RXEL 45)" হিসেবে খুলনা, চট্টগ্রাম ও রংপুর এই ৩টি অঞ্চলে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৩(তিন) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেক জাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ১৪.৬৪, ৩২.২৬, ২১.৫৭ ও ১৬.২৭, ৩৬.৪৬, ২১.৬৮ ভাগ বেশি পাওয়া গিয়াছে।

১.৭ Lalteer Seed ltd. প্রস্তাবিত নিজস্ব উদ্ভাবিত LTHR-2 জাতটি "লাল তীর হাইব্রিড ধান৩ (LTHR-2)" হিসেবে চট্টগ্রাম, খুলনা ও রংপুর এই ৩টি অঞ্চলে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৩(তিন) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেক জাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ৭.০৭, ১৫.৫২, ১৫.৪৬ ও ৯.৬৯, ৮.৮২, ১২.৪৬ ভাগ বেশি পাওয়া গিয়াছে।

১.৮ Lalteer Seed ltd. প্রস্তাবিত চীনের HI-TECH SEED CO. LTD, হতে সংগৃহীত LTHR-3 (Tia super-1802) জাতটি "লাল তীর হাইব্রিড ধান৪ (LTHR-3)" হিসেবে চট্টগ্রাম, খুলনা ও রংপুর এই ৩টি অঞ্চলে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৩(তিন) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেক জাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ৩১.৩৪, ২১.৮১, ১৫.১৭ ও ৩৩.১৬, ১৩.৫৫, ১৭.৮৬ ভাগ বেশি পাওয়া গিয়াছে।

১.৯ Partex Agro ltd. প্রস্তাবিত ভারতের JK AGRI GENETICS LTD, হতে সংগৃহীত Partex Hybrid dhan-07 (JKRH-09) জাতটি "পারটেক্স হাইব্রিড ধান৭ (JKRH-09)" হিসেবে চট্টগ্রাম, খুলনা ও রংপুর এই ৩টি অঞ্চলে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৩(তিন) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেক জাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ৩২.৪৩, ১৫.৫২,২০.৮৬ ও ৩৬.৪৩, ১২.০৮, ১৭.৯৭ ভাগ বেশি পাওয়া গিয়াছে।

১.১০ Partex Agro ltd. প্রস্তাবিত ভারতের UPL LTD, হতে সংগৃহীত Partex Hybrid dhan-08 (ARBH 18001) জাতটি "পারটেক্স হাইব্রিড ধান৮ (ARBH 18001)" হিসেবে চট্টগ্রাম, খুলনা, রংপুর ও বরিশাল এই ৪টি অঞ্চলে Heterosis ৫% এর বেশি হওয়ায় সারাদেশে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৪(চার) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেক জাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ৩১.৩১, ২৯.২৮, ২৫.৪০, ১৮.০৩ ও ৩৫.৩৭, ১৪.১৯, ১৪.৭৩, ১২.৫১ ভাগ বেশি পাওয়া গিয়াছে।

১.১১ Brac প্রস্তাবিত নিজস্ব উদ্ভাবিত Brac hybrid dhan 17 (BHR-049) জাতটি "ব্রাক হাইব্রিড ধান১৬ (BHR-049)" হিসেবে চট্টগ্রাম, খুলনা, রংপুর ও বরিশাল এই ৪টি অঞ্চলে Heterosis ৫% এর বেশি হওয়ায় সারাদেশে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৪(চার) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেক জাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ৩৩.৯৭, ২১.২৪, ২৭.৩৩, ১২.৬৩ ও ৩৬.৩৭, ১৬.৯০, ২৪.৪১, ২১.০৪ ভাগ বেশি পাওয়া গিয়াছে।

১.১২ Supreme Seed company Ltd-প্রস্তাবিত ভারতের Rasi Seeds Pvt. Ltd. হতে সংগৃহীত Supreme hybrid-27 (Hira27, RRX-336) জাতটি "সুপ্রীম হাইব্রিড ধান১২ (Hira27, RRX-336)" নামে চট্টগ্রাম, খুলনা, রংপুর ও বরিশাল এই ৪টি অঞ্চলে Heterosis ৫% এর বেশি হওয়ায় সারাদেশে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৪(চার) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেক জাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ১৩.৮৪, ১৯.৯৪, ৩১.৬৮, ৯.৯৭ ও ১৫.৮৯, ১২.১৯, ৩৬.৭৭, ৫.২৩ ভাগ বেশি পাওয়া গিয়াছে।

১.১৩ Mitali Agro Seed Industries-প্রস্তাবিত নিজস্ব উদ্ভাবিত Mitali Hybrid dhan-4 (Shuborno-4, SHD-1390) জাতটি "মিতালী হাইব্রিড ধান৪ (Shuborno-4, SHD-1390)" নামে চট্টগ্রাম, খুলনা ও রংপুর এই ৩টি অঞ্চলে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৩(তিন) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেক জাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ১৬.২৩, ২০.৩০, ৩২.৫৬ ও ১৮.১২, ১৩.৪৭, ৩২.৫৬ ভাগ বেশি পাওয়া গিয়াছে।

১.১৪ Bagrow Company Ltd-প্রস্তাবিত ভারতের Kaveri Seed Company Ltd. হতে সংগৃহীত Projapoti (KPHB02) জাতটি "ব্যাগরো হাইব্রিড ধান২ (প্রজাপতি KPHB02)" হিসেবে চট্টগ্রাম, খুলনা ও রংপুর এই ৩টি অঞ্চলে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৩(তিন) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেক জাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ১১.১৬, ১১.২০, ৮.৫৪ ও ১০.৬১, ৫.০৫, ৫.০০ ভাগ বেশি পাওয়া গিয়াছে।

১.১৫ Xplore Business ltd.-প্রস্তাবিত ভারতের Ido-American Hybrid Seeds (India) Pvt.Ltd হতে সংগৃহীত Xplore Hybrid dhan-3 (Indam 300-007) জাতটি 'এক্সপ্লোর হাইব্রিড ধান২ (Indam 300-007)" হিসেবে চট্টগ্রাম, খুলনা ও রংপুর এই ৩টি অঞ্চলে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৩(তিন) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেক জাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ২৩.৫৮, ১৪.৬৯, ২৯.১০ ও ২২.৫১, ৯.৯৮, ১৬.১১ ভাগ বেশি পাওয়া গিয়াছে।

১.১৬ ACI Formulation ltd.প্রস্তাবিত নিজস্ব উদ্ভাবিত ACI hybrid 17 (BH 81) জাতটি "এসিআই ফরমুলেশন হাইব্রিড ধান৪ (BH 81)" হিসেবে চট্টগ্রাম, খুলনা ও রংপুর এই ৩টি অঞ্চলে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৩(তিন) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেক জাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ২০.০৪, ১০.৮১, ৩২.০৬ ও ২০.০৩, ১০.৯৬, ১৬.৮১ ভাগ বেশি পাওয়া গিয়াছে।

১.১৭ Mollika Seed Company ltd.-প্রস্তাবিত চীনের HEFEI FENGLE SEED CO. LTD. হতে সংগৃহীত Mollika-1 (FL-210) জাতটি "মল্লিকা হাইব্রিড ধান৪ (FL-210)" হিসেবে ঢাকা, চট্টগ্রাম, খুলনা, রংপুর ও বরিশাল এই ৫টি অঞ্চলে Heterosis ৫% এর বেশি হওয়ায় সারাদেশে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৫ (পাচঁ) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেক জাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ৫.১৩, ২৫.৮৯, ১৩.৫২, ৩৩.৭৭, ১৩.৮৭ ও ৬.১৫, ২৮.৬৭, ১৪.১৩, ১৭.১৬, ১৪.১৬ ভাগ বেশি পাওয়া গিয়াছে।

১.১৮ Bayer crops science ltd. ভারত হতে আমদানীকৃত Arize® INH 17144 জাতটি "বায়ার হাইব্রিড ধান৭ (Arize® INH 17144)" হিসেবে চট্টগ্রাম, খুলনা ও রংপুর এই ৩টি অঞ্চলে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ডে সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৩(তিন) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেক জাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ২৫.২৫, ১৭.৫৯, ১৩.১৮ ও ২৬.৮৮, ১২.৬১, ৫.১১ ভাগ বেশি পাওয়া গিয়াছে।

১.১৯ National Agri Care Import & Export ltd. চীন হতে আমদানীকৃত Janak Raj-3 (Q-19) জাতটি "ন্যাশনাল এগ্রি কেয়ার হাইব্রিড ধান৬ (Janak Raj-3)" হিসেবে চট্টগ্রাম, খুলনা ও রংপুর এই ৩টি অঞ্চলে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ডে সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ০৩(তিন) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেক জাতের চেয়ে যথাক্রমে Heterosis শতকরা ৩০.২০, ১৮.৭৮, ১৬.৮৪ ও ৩৩.৩৮, ১৭.৯৯, ১১.৯২ ভাগ বেশি পাওয়া গিয়াছে।

**আলোচ্য বিষয়-৩ : বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) এর আমন মওসুমের ১টি জাত বিনা ধান১৭ কে বোরো মওসুমের জাত বিনা ধান১৭ হিসেবে ছাড়করণ।**

বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) এর বর্ণনামতে প্রস্তাবিত বিনা ধান-১৭ এর কৌলিক সারি নং-SACG-7। কৌলিক সারিটি ইরি-ফিলিপাইন হতে প্রর্বতন করা হয় । সারিটি IR 2153-14-1-6-2/IR 2061-214-38-2/IR 2071-625-1-252 এর সাথে সংকরায়নের মাধ্যমে ফলে উদ্ভাবিত। ধানের দানা মাঝারি চিকন । শীষে দানাগুলো ঘনবিন্যস্ত অবস্থায় সন্নিবেশিত থাকে । ১০০০টি পুষ্ট ধানের ওজন ২০.৫ গ্রাম এবং পাকা ধান খড়ের রং এর মতো । এ জাতটি আলোক অসংবেদনশীল । আমন ও বোরো দুই মৌসুমেই রোপন করা যায় । রোগবালাই ও পোকামাকড়ের আক্রমন প্রচলিত জাতের চেয়ে কম হয় ।

উক্ত জাতটি ২০১৯-২০ সনে ঢাকা, ময়মনসিংহ, ফরিদপুর, যশোর, কুমিল্লা, বগুড়া, চট্টগ্রাম, দিনাজপুর, রংপুর ও বরিশাল ১০টি কৃষি অঞ্চলের ১০ টি স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ১০টি স্থানের মধ্যে ৩টি স্থানে মাঠ মূল্যায়ন দল কর্তৃক জাতটিকে ছাড়করণের পক্ষে এবং ৭ টি স্থানে চেকজাতের চেয়ে ফলন ১০% কম হওয়ায় বিপক্ষে সুপারিশ করা হয়েছে। জীবনকাল প্রস্তাবিত জাতের ১৫৭ দিন ও চেকজাতের ১৫৯দিন। বীজ প্রত্যয়ন এজেন্সির কন্ট্রোল ফার্মে প্রস্তাবিত জাতটির পর পর দুই বছর ডি ইউ এস টেষ্ট (DUS) সম্পাদন করা হয়েছে। প্রস্তাবিত জাতটিতে Penultimate leaf : pubescence of blade; Panicle : exertion; Endosperm : content of amylose মোট ৩টি বৈশিষ্ট্যে চেক জাত ব্রি ধান২৯ থেকে স্বতন্ত্রতা পাওয়া গিয়েছে।

আলোচনার শুরুতে ড. হোসনেয়ারা বেগম, পরিচালক (গবেষণা), বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা), জানান, বিনা ধান১৭ আমন মৌসুমে প্রচলিত জাত হলেও বোরো মৌসুমে কৃষকের মাঠে জনপ্রিয়তা পেয়েছে এবং রোগবালাইয়ের আক্রমণ কম। তাই তিনি বোরো মৌসুমে জাতটিকে ছাড়করণের অনুরোধ জানান। এ বিষয়ে পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি বলেন, মাঠ মূল্যায়ন ফলাফলে ১০ টি স্থানের মধ্যে শুধুমাত্র ৩টি স্থানে চেক জাত ব্রি ধান২৯ থেকে ১০% ফলন বেশী পাওয়া গেছে। সভাপতি মহোদয় জানান, জাতটির মাঠ মূল্যায়ন ফলাফলে ৭টি স্থানে ব্রি ধান২৯ থেকে ফলন ১০% এর কম এবং তাছাড়া বোরো মৌসুমে উচ্চ ফলনশীল ধানের অনেক জাত রয়েছে । তাই, আমন মওসুমের বিনা ধান১৭ কে বোরো মৌসুমে ছাড়করণ করা সমীচীন হবে না। উপস্থিত অন্যান্য সদস্যবৃন্দ এ বিষয়ে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত : বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) এর আমন মৌসুমের বিনা ধান১৭ জাতটিকে বোরো মৌসুমে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ডে ছাড়করণের সুপারিশ করা হলো না।**

**আলোচ্য বিষয়-৪ : ইক্ষুর জাত ছাড়করণ পদ্ধতি ও বীজ প্রত্যয়ন পদ্ধতি ০২ (দুই) টির খসড়া গাইড লাইন উপস্থাপন।**

ইক্ষুর জাত ছাড়করণ পদ্ধতি ও গাইডলাইন প্রণয়নের লক্ষ্যে জাতীয় বীজ বোর্ডের ৯৮ তম সভার আলোচ্য বিষয়-২.২ এর সিদ্ধান্ত ও পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি, গাজীপুর এর পত্রের আলোকে ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি উপ-কমিটি গঠন করা হয়। বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট (বিএসআরআই)এর বর্ণনামতে, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির বিগত ৯৫ তম সভার সিদ্ধান্ত মোতাবেক ড. সমজিৎ কুমার পাল, পরিচালক (গবেষণা), বিএসআরআই, ঈশ্বরদী, পাবনা ও জনাব মো: শাহজাহান আলী, উপদেষ্টা, বাংলাদেশ সীড এসোসিয়েশন ইক্ষুর জাত ছাড়করণ পদ্ধতি ও বীজ প্রত্যয়ন পদ্ধতির খসড়া গাইড লাইন দু'টির কারিগরি তথ্যাদি যাচাই পূর্বক সংশোধিত পদ্ধতি অদ্যকার সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে ড. সমজিৎ কুমার পাল, পরিচালক (গবেষণা), বিএসআরআই (গবেষণা) ঈশ্বরদী, পাবনা বলেন, ইক্ষুর জাত ছাড়করণ পদ্ধতি ও বীজ প্রত্যয়ন পদ্ধতি ০২ (দুই) টির খসড়া গাইড লাইন পূর্ববর্তী সভায় বিস্তারিত আলোচনার ভিত্তিতে প্রয়োজনীয় সংশোধন করা হয়েছে। ইক্ষুর জাত ছাড়করণ পদ্ধতি ও বীজ প্রত্যয়ন পদ্ধতি দুইটি জাতীয় বীজ বোর্ডে অনুমোদনের জন্য সুপারিশ করা যেতে পারে । এ বিষয়ে কমিটির সকল সদস্য একমত পোষন করেন ।

**সিদ্ধান্ত : ইক্ষুর জাত ছাড়করণ পদ্ধতি ও বীজ প্রত্যয়ন পদ্ধতি ০২ (দুই) টির খসড়া গাইড লাইন চূড়ান্ত অনুমোদনের জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা হল ।**

**আলোচ্য বিষয়-৫ : হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধীকরণ নির্দেশিকায় ট্রায়াল স্থাপন খরচ ও হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধন নির্দেশিকার অন্যান্য বিষয়ে গঠিত উপ-কমিটির মতামত উপস্থাপন ।**

এ বিষয়ে হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধন নির্দেশিকা ২ (২) অনুচ্ছেদ অনুযায়ী হাইব্রিড ধানের জাত মূল্যায়নের "আবেদন ফরমের সহিত জাত মূল্যায়নের জন্য প্রস্তাবিত জাতের কমপক্ষে ০৮ (আট) কেজি নমুনা বীজসহ ট্রায়াল স্থাপনের খরচ বোরো মওসুমে ০৭ নভেম্বর, আউশ মওসুমে ১৫ ফেব্রুয়ারি ও আমন মওসুমে ১৫ মে -এর মধ্যে (প্রযোজ্য ক্ষেত্রে) পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সির নিকট পৌঁছাইতে হইবে"। নির্দেশিকা মোতাবেক ট্রায়াল খরচ বাবদ সুনির্দিষ্ট দিক নির্দেশনা ও হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধন নির্দেশিকার অন্যান্য বিষয়ে পর্যালোচনার জন্য জাতীয় বীজ বোর্ডের কারগিরি কমিটির ৯৮তম সভায় নিম্নবর্ণিত সদস্যদের নিয়ে উপ-কমিটি গঠন করা হয় :

| ক্র: নং | নাম ও পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১. | পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি, গাজীপুর। | আহবায়ক |
| ২. | সদস্য পরিচালক(শস্য), বিএআরসি, ঢাকা। | সদস্য |
| ৩. | ড. মো: আবুল কালাম আজাদ, পরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস) , বিনা, ময়মনসিংহ। | সদস্য |
| ৪. | ড. মো: জামিল হাসান, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও বিভাগীয় প্রধান, হাইব্রিড রাইছ বিভাগ, ব্রি, গাজীপুর। | সদস্য |
| ৫. | ড. এস বি নাসিম, ম্যানেজিং ডাইরেক্টর, উইনল হাইটেক সীড কো:, বনানী, ঢাকা। | সদস্য |
| ৬. | এফ আর মালিক, সাধারণ সম্পাদক, বাংলাদেশ সীড এসোসিয়েশন, সিদ্দিকবাজার, ঢাকা। | সদস্য |
| ৭. | মো: আজিজুল হক, প্রধান, সীড এন্ড এগ্রো এন্টারপ্রাইজ, ব্র্যাক, মহাখালী, ঢাকা। | সদস্য |
| ৮. | মো: মকফরউদ্দিন আকন্দ, ভাইস চেয়ারম্যান, সুপ্রীম সীড কো: লি:, উত্তরা, ঢাকা। | সদস্য |
| ৯. | উপপরিচালক (মান নিয়ন্ত্রণ), বীজ প্রত্যয়ন এজেন্সি, গাজীপুর। | সদস্য-সচিব |

গত ১০ সেপ্টেম্বর, ২০২০, রোজ বৃহস্পতিবার সকাল ১০:০০ ঘটিকায় এ বিষয়ে গঠিত উপ-কমিটির সভাপতি জনাব আবদুর রাজ্জাক, পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি মহোদয়ের সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

১. মওসুম ভিত্তিক ট্রায়াল খরচের পরিমাণ প্রতি বছর প্রতি জাত প্রতি স্থানের ক্ষেত্রে বোরো মওসুমে ৬৫০০/-; আমন মওসুমে ১০,০০০/-; এবং আউশ মওসুমে ১৫,০০০/- নির্ধারণ করা প্রয়োজন (খরচ বিবরনী সংযুক্ত)। এ বিষয়ে কারিগরি কমিটির সদস্যগণ আলোচনা সাপেক্ষে ট্রায়াল খরচ চূড়ান্ত করবেন।

২. হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধন নির্দেশিকা অনুসরণ করে মূল্যায়নকালে হাইব্রিড জাতের জমির পরিমাণ ৫X৬ বর্গমিটার এর পরিবর্তে ইনব্রিড ট্রায়ালের অনুরূপ ৪X৫ বর্গ মিটার করে সমস্ত প্লট কর্তন করে ফলাফল সংগ্রহ করার ব্যবস্থা করা যেতে পারে।

৩. বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর সহযোগিতায় বীজ প্রত্যয়ন এজেন্সীর জাত পরীক্ষাগারের ল্যাবে ডিএনএ ফিঙ্গার প্রিন্টিং এর রিপোর্টের সঠিকতা ভালোভাবে যাচাই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন ।

৪. নিবন্ধিত হাইব্রিড জাতের ধান বীজ উৎপাদনের সময় সংশ্লিষ্ট জেলার জেলা বীজ প্রত্যয়ন অফিসার (ডিএসসিও)কে অবহিত করতে হবে। ডিএসসিও সরেজমিনে পরিদর্শনপূর্বক বীজ উৎপাদনের পরিমাণের প্রতিবেদন পরিচালক এসসিএ বরাবর দাখিল করবেন। উক্ত প্রতিবেদনের উপর ভিত্তি করে পরবর্তী বছর হতে $F_1$ বীজ আমদানীর পরিমাণ নির্ধারণ করা হবে।

এ বিষয়ে নির্দেশিকা মোতাবেক ট্রায়াল খরচ বাবদ সুনির্দিষ্ট দিক নির্দেশনা ও হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধন নির্দেশিকার অন্যান্য বিষয়ে জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ৯৮তম সভায় গঠিত উপ-কমিটির সিদ্ধান্তসমূহ পর্যালোচনা করে দেখা যায় যে, মওসুম ভিত্তিক ট্রায়াল খরচের পরিমাণ প্রতি বছর প্রতি জাত প্রতি স্থানের ক্ষেত্রে বোরো মওসুমে ৬৫৫০/-; আমন মওসুমে ১০,০৩৯/-; এবং আউশ মওসুমে ১৫,৯১২/- টাকা খরচ বিবরণীতে উল্লেখ রয়েছে । এ ছাড়া হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধন নির্দেশিকা অনুসরণ করে জমির পরিমাণ, ডিএনএ ফিঙ্গার প্রিন্ট রিপোর্টের সঠিকতা ভালোভাবে যাচাই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং বীজ আমদানীর বিষয়ে জেলা বীজ প্রত্যয়ন অফিসারের (ডিএসসিও) রির্পোটের ভিত্তিতে সিদ্ধান্ত নেয়ার বিষয়ে উল্লেখ রয়েছে । এ প্রসঙ্গে পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি বলেন, আমন ও আউশ মওসুমে জাত জমা হওয়ার সংখ্যা কম হওয়ায় ট্রায়াল ও মূল্যায়ন খরচ অপেক্ষাকৃত বেশি হয় এবং বোরো মওসুমে জাত জমা হওয়ার সংখ্যা বেশি হওয়ায় ট্রায়াল ও মূল্যায়ন খরচ অপেক্ষাকৃত কম হয়। এ বিষয়ে অদ্যকার সভার সভাপতি বলেন, কারিগরি কমিটির গঠিত উপ-কমিটির সিদ্ধান্তসমূহ অনুমোদন করা যেতে পারে । বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্নিত সিদ্ধান্ত গৃহীত হয় ।

**সিদ্ধান্তসমূহ :**

**(ক) মওসুম ভিত্তিক ট্রায়াল খরচের পরিমাণ প্রতি বছর প্রতি জাত প্রতি স্থানের ক্ষেত্রে বোরো মওসুমে ৬৫০০/-; আমন মওসুমে ১০,০০০/-; এবং আউশ মওসুমে ১৫,০০০/- টাকা ট্রায়াল স্থাপনের খরচ পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সির নিকট পৌঁছাইতে হইবে।**

**(খ) হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধন নির্দেশিকা অনুসরণ করে মূল্যায়নকালে হাইব্রিড জাতের জমির পরিমাণ ৫X৬ বর্গমিটার এর পরিবর্তে ইনব্রিড ট্রায়ালের অনুরুপ ৪X৫ বর্গ মিটার করে সমস্ত প্লট কর্তন করে ফলাফল সংগ্রহ করার ব্যবস্থা করতে হবে ।**

**(গ) বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর সহযোগিতায় বীজ প্রত্যয়ন এজেন্সীর জাত পরীক্ষাগারের ল্যাবে ডিএনএ ফিঙ্গার প্রিন্টিং রিপোর্টের সঠিকতা ভালোভাবে যাচাই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন ।**

**(ঘ) নিবন্ধিত হাইব্রিড জাতের ধান বীজ উৎপাদনের সময় সংশ্লিষ্ট জেলার জেলা বীজ প্রত্যয়ন অফিসার (ডিএসসিও) কে অবহিত করতে হবে। ডিএসসিও সরেজমিনে পরিদর্শন পূর্বক বীজ উৎপাদনের পরিমাণের প্রতিবেদন পরিচালক এসসিএ বরাবর দাখিল করবেন। উক্ত প্রতিবেদনের উপর ভিত্তি করে পরবর্তী বছর হতে $F_1$ হাইব্রীড বীজ আমদানীর পরিমাণ নির্ধারণ করা হবে।**

**আলোচ্যসূচী-৬ : NSB এর ১০২তম সভার আলোচ্যসূচী ৪ (৩) এর সিদ্ধান্ত অনুযায়ী ব্রি কর্তৃক উদ্ভাবিত বোরো মওসুমের ০৪ (চার)টি হাইব্রিড ধানের ফলাফল পর্যালোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণ ।**

NSB এর ১০২তম সভার আলোচ্যসূচী ৪(৩) এর সিদ্ধান্ত অনুযায়ী ব্রি কর্তৃক উদ্ভাবিত বোরো মৌসুমের ০৪ (চার)টি হাইব্রিড ধানের যশোর অঞ্চল ও বীজ প্রত্যয়ন এজেন্সি, গাজীপুর কন্ট্রোল ফার্মে ট্রায়াল বাস্তবায়ন করা হয়েছে। দুটি স্থানের ফলাফল Compilation পূর্বক অত্র সভায় উপস্থাপন করা হয় । চলতি বোরো মওসুমে ব্রি হাইব্রিড ধান১, ব্রি হাইব্রিড ধান২, ব্রি হাইব্রিড ধান৩ ও ব্রি হাইব্রিড ধান৫ যথাক্রমে ৬.৬২ টন/হে., ৭.৩৩ টন/হে.,৭.৮৯ টন/হে., ও ৭.৫৫ টন/হে. ফলন হয়েছে । ড. এস বি নাসিম, ম্যানেজিং ডাইরেক্টর, উইনল হাইটেক সীড কো:, বলেন, যে যে এলাকায় আউশের আবাদ বেশি হয়, সে সমস্ত এলাকায় আউশের হাইব্রিড ট্রায়াল স্থাপন করা প্রয়োজন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় ।

**সিদ্ধান্ত : NSB এর ১০২তম সভার আলোচ্যসূচী ৪ (৩) এর সিদ্ধান্ত অনুযায়ী ব্রি কর্তৃক উদ্ভাবিত বোরো মওসুমের ০৪ (চার)টি হাইব্রিড ধানের ফলাফল আরো ০১(এক) মওসুম পরীক্ষা করে জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটিতে উপস্থাপন করতে হবে ।**

আলোচ্যসূচী-৭ : বিবিধ-

**(ক) বোনা আউশ মওসুমের জন্য ব্রি ধান৮৩ কে রোপা আউশ মওসুমে চাষাবাদের অনুমোদন সংক্রান্ত।**

বোনা আউশ মওসুমের জন্য ব্রি ধান৮৩ কে রোপা আউশ মওসুমে চাষাবাদের অনুমোদন প্রদানের জন্য মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি), গাজীপুর ০১(এক) টি পত্র প্রদান করেছেন। পত্রের বিবরণে জানা যায়, ২০১৯-২০২০ রোপা আউশ মওসুমে দেশের ১০টি অঞ্চলে ব্রি ধান৮৩ এবং চেকজাত হিসেবে ব্রি ধান৪৮ এর আঞ্চলিক উপযোগীতা এবং ফলন পরীক্ষা করা হয়। এতে উভয়ের গড় ফলন ৪.০০ টন/হে: পাওয়া যায়। উপযুক্ত পরিচর্যা পেলে ব্রি ধান৮৩ রোপা আউশ চাষাবাদ অঞ্চলে ৫.৭ টন/হে: ফলন দিতে পারে। এ বিষয়ে ড. তমাল লতা আদিত্য, পরিচালক (গবেষণা), ব্রি বলেন, ব্রি ধান৮৩ জাতটি আউশ মওসুমে বোনা পদ্ধতিতে চাষের জন্য অনুমোদন করা হয়েছে কিন্তু রোপা পদ্ধতিতে জাতটি ব্রি ধান৪৮ এর মতোই ফলন দিয়ে থাকে। ফলে জাতটি রোপা ও বোনা উভয় পদ্ধতিতে চাষের অনুমোদন দেয়া যেতে পারে। এ প্রসঙ্গে ড. লুৎফুল হাসান, ভাইস চ্যান্সেলর, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় বলেন, দেশে অনেক জাত অবমুক্ত করা হয়েছে। নতুন জাত অবমুক্তির ক্ষেত্রে বিজ্ঞানীগণকে বেশি Yield Potential বিষয়ে বিবেচনা করতে হবে। এ বিষয়ে কমিটির সকল সদস্য একমত পোষণ করেন এবং নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত : বোনা আউশ মওসুমের জন্য ব্রি ধান৮৩ কে রোপা আউশ মওসুমে জাত চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ডে অনুমোদনের সুপারিশ করা হল।**

**(খ) বর্তমানে জাতীয় বীজ বোর্ড কর্তৃক অনুমোদিত বীজমান ও মাঠমান ব্যতীত অন্যান্য বীজ ফসলের মাঠমান ও বীজমান নির্ধারণ করে জাতীয় বীজ বোর্ডে সুপারিশ প্রদান।**

কৃষক পর্যায়ে উন্নতমানের ডাল, তেল ও মসলা ফসলের বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ (৩য় পর্যায়ে) প্রকল্পসহ ফুল ও ফল ফসলের বীজমান ও মাঠমান নির্ধারণ ও পরীক্ষার অন্তর্ভুক্তির জন্য জনাব মো: শহীদুল ইসলাম খান, মুখ্য বীজ প্রযুক্তিবিদ, বীজ প্রত্যয়ন এজেন্সি, গাজীপুর একটি পত্র প্রেরণ করেছেন। পত্রে তিনি কৃষক পর্যায়ে উন্নতমানের ডাল, তেল ও মসলা ফসলের বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ (৩য় পর্যায়) প্রকল্পভুক্ত আদা, রসুন, হলুদ, কালোজিরাসহ অন্যান্য মসলার বীজ ফসল এবং প্রধান প্রধান ফুল ও ফলের বীজমান ও মাঠমান নির্ধারণের বিষয়টি কারিগরি কমিটিতে উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

এ বিষয়ে বীজ আইন ২০১৮ এর ১০ মোতাবেক, "বীজের প্রয়োজনীয় মানদন্ড নির্ধারণ ইত্যাদি সরকার, বোর্ডের সহিত পরামর্শক্রমে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা বীজের গুণগতমানের নিশ্চিতকরণের লক্ষ্যে নিম্নবর্ণিত বিষয়াদি নির্ধারণ করিতে পারিবে, যথা :-(ক) যে কোনো ফসল বা জাতের বীজের অঙ্কুরোদগম হার, বিশুদ্ধতার হার, বীজের আদ্রর্তা এবং সংশ্লিষ্ট অন্যান্য বিষয় বা বৈশিষ্ট্যের প্রয়োজনীয় মানদন্ড এবং ৭ (১)-"সরকার কৃষিক্ষেত্রে ব্যবহার্য এবং বিক্রয়যোগ্য যে কোনো ফসল বা জাতের বীজের গুণগত মান নিয়ন্ত্রণ করিবে।" মুখ্য বীজ প্রযুক্তিবিদ, বীজ প্রত্যয়ন এজেন্সি, গাজীপুর পত্রের প্রেক্ষিতে ও বীজ আইন ২০১৮ এর নির্দেশনা মোতাবেক বর্তমানে জাতীয় বীজ বোর্ড কর্তৃক অনুমোদিত বীজমান ও মাঠমান (বাংলাদেশ গেজেট অতিরিক্ত সংখ্যা; তারিখ : ডিসেম্বর, ২০১০ এ প্রকাশিত) ব্যতীত অন্যন্য ফসলের মাঠমান ও বীজমান নির্ধারণ করা একান্ত প্রয়োজন। এ বিষয়ে ড. মো: জাকির হোসেন, উপ-পরিচালক (মান নিয়ন্ত্রণ), বীজ প্রত্যয়ন এজেন্সি, গাজীপুর বলেন, সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ বিজ্ঞানী ও কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠনের মাধ্যমে কৃষক পর্যায়ে উন্নতমানের ডাল, তেল ও মসলা ফসলের বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ (৩য় পর্যায়) প্রকল্পভূক্ত আদা, রসুন, হলুদ, কালোজিরাসহ অন্যান্য মসলা ফসল এবং প্রধান প্রধান ফুল ও ফলের বীজমান ও মাঠমান নির্ধারণের কাজটি সম্পাদন করা যেতে পারে। এ প্রেক্ষিতে অদ্যকার সভার সভাপতি মহোদয় নিম্নবর্ণিত বিজ্ঞানী ও কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠনের প্রস্তাব করেন।

| ক্র: নং | নাম, পদবী ও ঠিকানা | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১. | ড. অপূর্ব কান্তি চৌধুরী, সিএসও, বীজ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি), গাজীপুর । | আহবায়ক |
| ২. | ড. মোছাম্মাৎ সামছুন্নাহার, সিএসও, পিজিআরসি, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি), গাজীপুর । | সদস্য |
| ৩. | উপ-পরিচালক (মান নিয়ন্ত্রণ), বীজ প্রত্যয়ন এজেন্সি, গাজীপুর । | সদস্য |
| ৪. | ড. মোহাম্মদ মনিরুজ্জামান, পিএসও, উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি), গাজীপুর । | সদস্য |
| ৫. | ড. শৈলেন্দ্র নাথ মজুমদার, পিএসও, মসলা গবেষণা কেন্দ্র, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি), গাজীপুর । | সদস্য |
| ৬. | প্রতিনিধি, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি), ফার্মগেট, ঢাকা । | সদস্য |
| ৭. | মুখ্য বীজ প্রযুক্তিবিদ, বীজ প্রত্যয়ন এজেন্সি, গাজীপুর । | সদস্য-সচিব |

**সিদ্ধান্ত : উল্লিখিত কমিটি আগামী ০৩(তিন) মাসের মধ্যে বর্তমানে জাতীয় বীজ বোর্ড কর্তৃক অনুমোদিত বীজমান ও মাঠমান ব্যতীত অন্যান্য বীজ ফসলের (বিশেষ করে অন্যান্য মসলা বীজ ফসল এবং প্রধান প্রধান ফুল ও ফলের) মাঠমান ও বীজমান নির্ধারণ করে জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির সভায় উপস্থাপন করতে হবে ।**

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

২৯.০৯.২০২০

ড. শেখ মোহাম্মদ বখতিয়ার
নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি, ফার্মগেট
ও
সভাপতি
জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি